২৮৭

দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP. 6 .. 1999
পৃষ্ঠা ৩ কলাম ৩

# বন্ধ ঘোষিত চট্টগ্রাম ভার্সিটি খুলতে ছাত্র সংগঠনগুলোর সাথে কর্তৃপক্ষের আলোচনা আজ শেষ

**আবদুল মালেক** ঃ অনির্দিষ্টকাল বন্ধ ঘোষিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার জন্য ছাত্র সংগঠনগুলোর সঙ্গে কর্তৃপক্ষের আলোচনা আজ (সোমবার) শেষ হচ্ছে। আন্তঃক্যাম্পাস বাস পুনরায় চালুসহ কতিপয় দাবী-দাওয়া সাপেক্ষে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে ছাত্র সংগঠনগুলো সহযোগিতার আশ্বাস দিয়েছে। ফলপ্রসূ আলোচনার পরিপ্রেক্ষিতে চলতি মাসের দ্বিতীয়ার্ধে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার সম্ভাবনা রয়েছে। এ ব্যাপারে আগামী ২/৩ দিনের মধ্যে জরুরী সিন্ডিকেট সভার মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলে জানা গেছে। গত ১২ আগস্ট ছাত্রলীগের দুই গ্রুপের বন্দুক যুদ্ধের ফলে চরম উত্তেজনাকর পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যায়। প্রায় ৩ সপ্তাহ পর গত বৃহস্পতিবার থেকে ভাইস চ্যান্সেলর কর্তৃক গঠিত ৪ সদস্যের লিয়াজোঁ কমিটি ছাত্র সংগঠনগুলোর সঙ্গে আলোচনা শুরু করে। ইতোমধ্যে ছাত্রদল, ছাত্রলীগের একাংশ, ছাত্রফ্রন্ট, ছাত্রসেনা ও জাতীয় ছাত্রসমাজের সঙ্গে বৈঠক সম্পন্ন হয়েছে। বৈঠকের আজ শেষ দিনে ইসলামী ছাত্র শিবির ও ছাত্র ইউনিয়নের সঙ্গে আলোচনা হওয়ার কথা। কর্তৃপক্ষীয় সূত্র জানায়, আলোচনায় বসার জন্য ছাত্র শিবির কর্তৃপক্ষের আমন্ত্রণপত্র গ্রহণ করেনি। অন্যদিকে ছাত্রলীগের কলিম গ্রুপ আলোচনায় বসলেও শফি গ্রুপ এবং সভাপতি শাহজাহান চৌধুরী আলোচনায় বসেনি। এ ব্যাপারে শাহজাহান চৌধুরী জানান, তাকে আমন্ত্রণপত্র দেয়া হয়নি। লিয়াজোঁ কমিটির সদস্য সচিব ও প্রক্টর গাজী সালাহউদ্দিন জানান, প্রত্যেকটি ছাত্র সংগঠনকে আমন্ত্রণপত্র দেয়া হয়েছে। তিনি বলেন, ছাত্রশিবির ব্যতীত সকল ছাত্র সংগঠন ইতিবাচক সাড়া দিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র জানিয়েছে যে, সকল ছাত্র সংগঠনের অভিন্ন দাবী হচ্ছে ক্যাম্পাসে বাস পুনরায় চালু করা। বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে এ ব্যাপারে সুস্পষ্ট কোন আশ্বাস দেয়া হয়নি। ধারণা করা হচ্ছে যে, অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করে হলেও কর্তৃপক্ষ বাস বন্ধের সিদ্ধান্তটি কার্যকর করবে। তবে এক্ষেত্রেও ছাত্র নেতারা বলেছে যে, তারা কোন মতেই বাস বন্ধের সিদ্ধান্ত মেনে নেবে না।

এদিকে নির্দলীয় ছাত্রদের সংগঠন স্টুডেন্ট সলিডারিটি এক সাংবাদিক সম্মেলনে ক্যাম্পাসে বাস চালু করে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে ১৬ হাজার শিক্ষার্থীর শিক্ষাজীবন রক্ষার দাবী জানিয়েছে। তারা বাস বন্ধের সিদ্ধান্ত কখনো মেনে নেবে না বলে পুনর্ব্যক্ত করেছে। গতকাল শহরের একটি হোটেলে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি মাহফুজুর রহমান।